# আল-ফাতহ | Al-Fath | ٱلْفَتْح

আয়াতঃ ৪৮ : ২৩

## আরবি মূল আয়াত:

سُنَّةَ اللّٰهِ الَّتِی قَد خَلَت مِن قَبلُ وَ لَن تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبدِیلًا ﴿۲۳﴾

## অনুবাদসমূহ:

তোমাদের পূর্বে যারা গত হয়েছে তাদের ব্যাপারে এটি আল্লাহর নিয়ম; আর তুমি আল্লাহর নিয়মে কোন পরিবর্তন পাবে না। — আল-বায়ান

(এটাই) আল্লাহর বিধান, অতীতেও তাই হয়েছে, তুমি আল্লাহর বিধানে কক্ষনো কোন পরিবর্তন পাবে না। — তাইসিরুল

ইহাই আল্লাহর বিধান, প্রাচীনকাল হতে চলে আসছে; তুমি আল্লাহর এই বিধানে কোন পরিবর্তন পাবেনা। — মুজিবুর রহমান

[This is] the established way of Allah which has occurred before. And never will you find in the way of Allah any change. — Sahih International

২৩. এটাই আল্লাহর বিধান—পূর্ব থেকেই যা চলে আসছে, আপনি আল্লাহর বিধানে কোন পরিবর্তন পাবেন না।

-

তাফসীরে জাকারিয়া

(২৩) এটাই আল্লাহর বিধান, যা পূর্ব হতে চলে আসছে;[1] তুমি আল্লাহর এই বিধানে কোন পরিবর্তন পাবে না।

[1] অর্থাৎ, আল্লাহর এ নিয়ম-নীতি পূর্ব থেকেই চলে আসছে যে, যখন কুফরী ও ঈমানের মধ্যে চূড়ান্ত ফায়সালাকারী যুদ্ধ-পরিস্থিতি সৃষ্টি হয়, তখন মহান আল্লাহ ঈমানদারদের সাহায্য করে সত্যকেই শীর্ষস্থান দান করেন। যেমন, আল্লাহর এই রীতি অনুসারে বদর যুদ্ধে তোমাদেরকে সাহায্য করা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4606

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন